

প্রকাশ : ১৭ আগস্ট, ২০১৭ ১৬:৩৫
আপডেট : ১৭ আগস্ট, ২০১৭ ১৬:৫৩

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

সবার দোয়া চেয়েছেন আনিসুল হকের স্ত্রী

| অনলাইন ডেস্ক



আনিসুল হক

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের স্ত্রী রুবিনা হক ফেসবুকে আবেগঘন একটি স্ট্যাটাস দিয়েছেন। ইংরেজিতে লেখা স্ট্যাটাসটিতে রুবিনা হক লিখেছেন, ‘আমি খুব একটা ফেসবুকে সক্রিয় ও নিয়মিত নই। আমার জীবনে বন্ধু সংখ্যাও অনেক কম। তাই ফেসবুকে শেয়ার করার মতো ঘটনাও তেমন ঘটে না।’

রুবিনা হক লিখেছেন, খুশির খবর এই যে গত ৭

আগস্ট পুত্র সন্তান জন্ম দিয়েছেন আমাদের কন্যা।

লন্ডনের স্থানীয় সময় রাত ১.০৮ মিনিটে লায়িথ নামে আমাদের নাতনী পৃথিবীতে এসেছে।
তাকে পেয়ে উচ্ছ্বসিত সময় পার করেছে আমার স্বামী, আপনাদের প্রিয় মানুষ আনিসুল হক।

লায়িথের নানা গত ২৯ জুলাই লন্ডনে আসেন। এখানে আসার আগে থেকেই প্রায় ২ মাস ধরে
আমার স্বামী ডিজিনেস সমস্যায় ভুগছিলেন। লন্ডনে আসার পর সে বেশ অসুস্থ হয়ে পড়ে।
এমনকি আইসিইউতে পর্যন্ত যেতে হয়েছে। তবে আশার কথা হচ্ছে এই রোগটি সম্পূর্ণ
নিরাময়যোগ্য বলে জানিয়েছেন চিকিৎসকরা।

স্ট্যাটাসে রুবিনা হক আরো লিখেছেন, আনিসুল হক তার জীবনের শ্রেষ্ঠ সময়টা পার করছেন
মানুষের কল্যাণে। তাকে মানুষ কতটা ভালোবাসে তা ফেসবুকে এসে দেখতে পাচ্ছি। আমি
দেশের সব মানুষের কাছে আনিসুল হকের সুস্থতার জন্য দোয়া চাইছি। মানুষ যেভাবে আনিসুল
হক এবং আমাদের পরিবারের পাশে দাঁড়িয়েছেন তার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আনিসুল
হকে স্বাস্থ্যের পরবর্তী আপডেট তুষার ফেসবুকে দিবেন।

এদিকে আব্দুন নূর তুষার এক স্ট্যাটাসে জানিয়েছেন, 'চিকিৎসকরা আজকে দিনের কোনো
এক সময় আনিস ভাইকে ভেন্টিলেটর থেকে খুলে স্বাভাবিকভাবে জাগিয়ে তুলতে চেষ্টা
করবেন। এটি একটি জটিল প্রক্রিয়া, তার শরীর ধীরে ধীরে স্বাভাবিক পর্যায়ে নিয়ে যেতে
চিকিৎসকরা কাজ করবেন। চিকিৎসার অন্যান্য প্রক্রিয়া পাশাপাশি চলবে। আশা করা যায়
তিনি জোরালোভাবে ওষুধে সাড়া দেবেন।

তাঁর সম্পর্কে এভাবে বলতে আমার খুব কষ্ট হয়, কিন্তু সবাইকে অবহিত করার দায়িত্ব আমাকে
দেয়া হয়েছে। সবাই তাঁকে প্রার্থনাতে রাখুন।

এদিকে সরকারি সংবাদ সংস্থা বাসস জানিয়েছে, ঢাকা উত্তরের মেয়র আনিসুল হকের শারীরিক
অবস্থা এখনও সংকটাপন্ন। তিনি লন্ডনের একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে
(আইসিইউ) চিকিৎসাধীন আছেন বলে বাংলাদেশ হাইকমিশনের এক মুখপাত্র বাসসকে
জানান।

বিডিপ্রতিদিন/ ১৭ আগস্ট, ২০১৭/ ই জাহান